দৈনিক খবর

তারিখ 10 DEC 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

### ৫শ' ছাত্রের হল ছেড়ে শহরে পলায়ন

# কৃষি বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষ ভাঙচুর অগ্নিসংযোগ ।। উত্তেজনা

ময়মনসিংহ থেকে মধুসূদন রায় ঃ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র দলের সংঘর্ষে প্রায় ৫০টি কক্ষ ভাঙচুর, অগ্নিসংযোগ এবং শতাধিক ছাত্র আহত হয়েছে। ৪/৫ শ' ছাত্র-ছাত্রী প্রাণের ভয়ে হল ছেড়ে শহরে আশ্রয় নিয়েছে।

গতকাল দুপুরে ছাত্রদলের ফজলুল হক হলের ২ জন নেতা আনন্দ মোহন কলেজে তাদের বান্ধবীর সাথে দেখা করতে গেলে কিছু উচ্ছৃংখল ছাত্র তাদেরকে প্রহার করতে থাকে। এ ঘটনার কথা কৃষি বিশ্ববিদ্যালয়ে ছড়িয়ে পড়লে ছাত্রদল কৃষি বিশ্ববিদ্যালয়ে ব্যাপক ধ্বংসাত্মক কাজে লিপ্ত হয়। আজকে বিশ্ববিদ্যালয়ে, কোন পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। ছাত্রদল ছাড়া বাকী সমস্ত ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয়ের ভিসি'র পদত্যাগ দাবী করেছে। ময়মনসিংহ শহরে উত্তেজনা বিরাজ করছে। উভয় পক্ষই পাল্টা মিছিল বের করে এবং গাড়ী ভাঙচুর করে। হরতালের আগের দিন এবং হরতালের দিন ঘাতক দালাল নির্মূল কমিটির উপর ছাত্রদল হামলা করে এবং এ সময় ২৫ জন ছাত্র আহত হয়। এদের মধ্যে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ১০ জনকে গুরুতর অবস্থায় ভর্তি করা হয়েছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ (ম-ই), ছাত্রফ্রন্ট এবং ছাত্র ইউনিয়নের অফিস পুড়িয়ে দেয়া হয়েছে। ৩ দিন যাবত গোটা ক্যাম্পাস এলাকায় থমথমে ভাব বিরাজ করছে।

এ ঘটনার পরিপ্রেক্ষিতে কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পরিষদ এক জরুরী বৈঠকে মিলিত হন। এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে এবং শহরে খন্ড খন্ড গোলমালের সংবাদ পাওয়া যাচ্ছে।